

দু'টি সন্তানের বেশি নয়,
একটি হলে ভাল হয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।


স্মারক নং-পপঅ/মপ/২০১৭/০৭

তারিখঃ ০৬ ফেব্রুয়ারী ২০১৭ খ্রিঃ

অফিস আদেশ

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাঠ পর্যায়ে কার্যক্রম আরো গতিশীল ও কর্মস্থলে অবস্থান নিশ্চিত করার জন্য নিম্নলিখিত বিষয়ে নির্দেশনাসমূহ অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।

- ১। বদলী সংক্রান্ত বিষয়ে শৃঙ্খলা রক্ষার স্বার্থে স্থানীয় যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দাপ্তরিকভাবে আবেদনপত্র প্রেরণ করতে হবে।
 - ২। পারস্পরিক বদলীকে অগ্রাধিকার দেয়া হবে।
 - ৩। বদলীর বিষয়ে মহাপরিচালক, পরিচালক (প্রশাসন) বা সদর দপ্তরের কোন কর্মকর্তার সাথে দেখা করার প্রয়োজন নেই।
 - ৪। অন্য কারো পক্ষে তদবিরকারীদের নিরপেক্ষসাহিত করা হচ্ছে।
 - ৫। বদলী সংক্রান্ত সকল আদেশ অধিদপ্তরের ওয়েবসাইটে পাওয়া যাবে এবং সেখান থেকে ডাউনলোড করে নিতে হবে। ডাকযোগে কোন আদেশ পাঠানো হবেনা।
 - ৬। বদলীর আদেশ জারীর ক্ষেত্রে দায়িত্বভার হস্তান্তরের কোন নির্দিষ্ট তারিখ উল্লেখ না থাকলে যে মাসে আদেশ জারী হবে সেই মাসের শেষ কার্যদিবসে বদলীর আদেশাধীন কর্মকর্তা/কর্মচারীকে অবমুক্ত করতে হবে। এর ব্যত্যয় হলে পরিচালক (প্রশাসন) কর্তৃক বদলীর আদেশাধীন কর্মকর্তা/কর্মচারীকে তাত্ক্ষণিকভাবে অবমুক্ত করা হবে।
 - ৭। কর্মকর্তা/কর্মচারীদের "সরকারী কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯" কঠোরভাবে মেনে চলতে হবে।
- মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদনক্রমে।


০৬/০২/১৭
(শেখ মোঃ শামীম ইকবাল)
অতিরিক্ত সচিব

ও

পরিচালক (প্রশাসন)

পরিবার পরিকল্পনা অধিদপ্তর
স্মারক নং- ১১৪৬২৮

বিতরণঃ

- ১। পরিচালক/লাইন ডাইরেক্টর/বিভাগীয় পরিচালক (সকল)..... এ অধিদপ্তর।
- ২। উপপরিচালক, পরিবার পরিকল্পনা (সকল)..... জেলা। তাঁর অধীনস্থ কর্মকর্তা/কর্মচারীদের অবগতির জন্য অনুরোধ করা হলো।
- ৩। মেডিকেল অফিসার (ক্লিনিক) (সকল)..... জেলা।
- ৪। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) (সকল)..... উপজেলা..... জেলা।
- ৫। পরিসংখ্যানবিদ (অ:দা:), এমআইএস ইউনিট, এ অধিদপ্তর। অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
- ৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী।
- ৭। অফিস কপি/নোটিশ বোর্ড।